# শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি -- দ্বিতীয়

### বিষয় -- বাংলা (ব্যাকরণ)

## যুক্তব্যঞ্জন বা যুক্তাক্ষর

১) যুক্তব্যঞ্জন বা যুক্তাক্ষর কাকে বলে?

উঃ- একাধিক যুক্ত রূপ ব্যঞ্জনবর্ণের মাঝে যখন স্বরবর্ণ উচ্চারিত হয় না, স্বরবর্ণ শেষে উচ্চারিত হয়, তখন তাকে যুক্তব্যঞ্জন বা যুক্তাক্ষর বলে।

২) শব্দ থেকে যুক্তাক্ষর ভেঙে দেখাওঃ-

নমুনাঃ-

ক) শক্ত = ক্ত -- ক্+ত্+অ

খ) পদ্ম = দ্ম -- দ্+ম্+অ

গ) বিশ্ব = শ্ব -- শ্+ব্+অ
ঘ) অন্তর = ন্ত -- ন্+ত্+অ

৩) শব্দ থেকে যুক্তব্যঞ্জন ভেঙে দেখাওঃ-
( আ-কার যোগে)

নমুনাঃ-

ক) চেষ্টা = ষ্টা -- ষ্+ট্+আ
খ) স্বামী = স্বা -- স্+ব্+আ

৪) ক্ষ,জ্ঞ -- যুক্ষব্যঞ্জন দুটি ভেঙে দেখানোর প্রক্রিয়া

ক্ষ = ক্+ষ্+অ
জ্ঞ = জ্+ঞ্+অ

নমুনাঃ-

ক) রক্ষা = ক্ষা -- ক্+ষ্+আ
খ) বিজ্ঞান = জ্ঞা -- জ্+ঞ্+আ

৫) যুক্তব্যঞ্জনে ন,ণ বোঝার কৌশল--

ন -- পূর্ববর্ত্তী ব্যঞ্জনবর্ণের অর্থাৎ হ- এর পাশে আঁকড়ি হিসাবে যুক্ত থাকে।

ণ -- পূর্ববর্তী ব্যঞ্জনবর্ণের অর্থাৎ হ-এর নীচে যুক্ত অবস্থায় বসে।

নমুনাঃ-

সায়াহ্ন = হ্ন -- হ্+ন্+অ

অপরাহ্ণ = হ্ণ -- হ্+ণ্+অ

বাড়ির কাজঃ- ( অভ্যাস করবে )

চম্পট , ডাক্তার, বসন্ত, আবিষ্কার, বিশ্বাস, নিরীক্ষা, জিজ্ঞাসা

S.R.A.I